

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তানোর, রাজশাহী


অর্পিত ও অনিবাসী (ভি.পি) পুকুর/জলাশয়ের উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তানোর উপজেলাধীন বিভিন্ন ঘোজায় অবস্থিত অর্পিত ও অনিবাসী (ভি.পি) পুকুর/জলাশয় বাংলা ১৪২৭-২৯ সনের জন্য সরকারী বিধি মোতাবেক প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে ইজারা প্রদান করা হবে। নিলাম ডাকে অংশ গ্রহণেচ্ছু ব্যক্তিগণকে নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রকাশ্য নিলাম ডাকের জন্য প্রযোজ্য শর্তাবলী, নিয়মাবলী, অর্পিত ও অনিবাসী (ভি.পি) পুকুর/জলাশয়ের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/উপজেলা ভূমি অফিস/সকল ইউনিয়ন ভূমি অফিস হতে জানা যাবে। সকল নিলাম ডাক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী পরিচালিত হবে। নিলাম ডাকে অংশ গ্রহণেচ্ছু ব্যক্তিগণকে নির্ধারিত তারিখ ও সময়ে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১ম নিলাম ডাক	২য় নিলাম ডাক	৩য় নিলাম ডাক	পরবর্তী নিলাম ডাকসমূহ
১৭-০৬-২০২০ খ্রিঃ	২৪-০৬-২০২০ খ্রিঃ	০২-০৭-২০২০ খ্রিঃ	পরবর্তী প্রত্যেক মাসের ১ম ও ৩য় বুধবার

নিলাম ডাকের শর্তাবলী :

- ০২ সকল প্রকাশ্য নিলাম ডাক সরকারী বিধি-বিধান অনুযায়ী পরিচালিত হবে। অংশ গ্রহণেচ্ছু সকল ব্যক্তিকে তা আবশ্যিক ভাবে প্রতিপালন করতে হবে।
- ১০ প্রতিটি পুকুর/জলাশয়ের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা জামানত হিসেবে জমা প্রদান করে প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে। ডাক শেষে প্রথম সর্বোচ্চ এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাককারী ব্যতিত অংশ গ্রহণকারী সকলের জামানত ফেরত প্রদান করা হবে।
- ১১ জামানতের পরিমাণ ২০,০০০/- (বিশ হাজার) টাকা। সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে সকাল ০৯.০০ ঘটিকা হতে ১১.০০ ঘটিকা পর্যন্ত জামানতের অর্থ গ্রহণ করা হবে এবং দপুর ১২.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী মহোদয়ের কার্যালয়ে নিলাম কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত সময়ের পরে কোনক্রমেই জামানতের অর্থ গ্রহণ করা হবে না।
- ১২ নিলাম ডাক শেষ হওয়ার পর পরই প্রথম সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় অর্থ, সরকারী বিধি মোতাবেক ডাককৃত মূল্যের উপর ১৫% ভ্যাট এবং ৫% আয়কর বাবদ অর্থ জমা প্রদান করতে হবে। উক্ত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীর অনুকূলে ডাককৃত পুকুর/জলাশয়ের ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে ও দ্বিতীয় সর্বোচ্চ ডাককারী উক্ত অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে তৃতীয় ডাককারীর অনুকূলে ডাককৃত পুকুর/জলাশয়ের ইজারা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রথম, দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীর জামানত বাজেয়াও করা হবে।
- ১৩ প্রকাশ্য নিলাম ডাক যখনই অনুষ্ঠিত হোক না কেন, ইজারার মেয়াদ ০১ বৈশাখ ১৪২৭ হতে ৩০ চৈত্র ১৪২৯ বাংলা সন পর্যন্ত কার্যকর হবে। নিলাম ডাককারী কোন ভাবেই এর অতিরিক্ত মেয়াদ বা অন্য কোনৱপ ওজর/আপত্তি বা ক্ষতিপূরণ দাবী সরাসরি অগ্রহ্য করা হবে।
- ১৪ তালিকায় প্রকাশিত কোন পুকুর নিয়ে কারো কোন আপত্তি বা দাবী-দাওয়া থাকলে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ১৪/০৬/২০২০ খ্রিঃ তারিখ উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি), তানোর, রাজশাহী বরাবর আবেদন দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদন প্রয়োজনীয় যাচাই-বাচাই সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৫ লীজ এইচিতা প্রকাশ্য নিলাম ডাককালে তফসিল বর্ণিত পুকুর/জলাশয়ে কেবলমাত্র মাছ চাষের অধিকার পাবে। কোন ভাবেই এর মালিকানা দাবী বা শ্রেণি/আকার পরিবর্তন বা জনসাধারণের জল আহরণ বা অন্যবিধি অসুবিধা সৃষ্টি করতে পারবে না। কর্তৃপক্ষ সময়ে সময়ে একল বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে পারবে এবং লীজ এইচিতা তা মেনে চলতে বাধ্য থাকবে।
- ১৬ কর্তৃপক্ষ যে কোন সময় ইজারা যোগ্য অর্পিত ও অনিবাসী (ভি.পি) পুকুর/জলাশয় তালিকা সংশোধন/সংযোজন/পরিবর্ধন/পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোন পুকুর/জলাশয় নিলাম ডাকে ইজারা প্রদান করা হলে পরবর্তী সময়ে তা তালিকা হতে বাদ যাবে।
- ১৭ কর্তৃপক্ষ কোন কারণ দর্শনে ব্যতিত যে কোন সময় নিলাম ডাকের শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন অথবা সমুদয় বা যে কোন নিলাম কার্যক্রম বাতিল বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।


 (সুশাস্ত কুমার মাইত্রে)
 উপজেলা নির্বাহী অফিসার
 তানোর, রাজশাহী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
তানোর, রাজশাহী
(www.acl.tanore.rajshahi.gov.bd)

স্মারক নং- ৩১.৪৩.৮১৯৮.০০০.০০৮.০৫.২০-৪৭৮(স্টেড)


তারিখঃ- ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ
০১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- (১) বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- (২) জেলা প্রশাসক, রাজশাহী।
- (৩) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজ্য), রাজশাহী।

অবগতি এবং নোটিশ বোর্ডে প্রদর্শন ও ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- (৪) উপজেলা.....কর্মকর্তা (সকল),
তানোর, রাজশাহী।
- (৫) চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল), তানোর,
রাজশাহী।
- (৬) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,ইউনিয়ন ভূমি অফিস (সকল), তানোর,
রাজশাহী (তাঁকে নোটিশটি ব্যপক জারী আন্তে ফেরত প্রদানের জন্য বলা হলো)।
- (৭) সভাপতি/ইজারাদাব,.....হাটবাজার (সকল),
তানোর, রাজশাহী।
- (৮) জনাব,.....বর্তমান লীজিছাতা,
তানোর, রাজশাহী।
- (৯) অফিস নোটিশ বোর্ড/অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।


(সুশান্ত কুমার মাহাতো)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সহকারী কমিশনার (ভূমি)(অঃ দাঃ)
তানোর, রাজশাহী
aclandtanore@gmail.com
ফোন-০২৪৭৮৫১০০৫